

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
বগুড়া

শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

স্মারক নং-রবী-নজ-১৯৩-বাশিএ/জেশা/বগ/২০০৯-২৩/ ৪৫

তারিখঃ ১৮ মে ২০২৩

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৪তম জন্মবার্ষিকী ২০২৩ উদযাপন উপলক্ষ্যে শিশুদের রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর ১২৪তম জন্মবার্ষিকী ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আগামী ২৫ মে ২০২৩ তারিখে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া কার্যালয়ে শিশুদের রচনা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতা সংক্রান্ত বিস্তারিতঃ

ক্র.নং	প্রতিযোগিতা	বিভাগ/শ্রেণি	বিষয়	মাধ্যম	তারিখ ওসময়
১.	রচনা প্রতিযোগিতা	ক-৫ম-৭ম শ্রেণি খ-৮ম-১০ম শ্রেণি	জাতীয় কবি কাজী নজরুল ইসলাম জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর কর্মময় জীবন		২৫ মে ২০২৩ বিকাল ৪.৩০টা
২.	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা	ক-১ম হতে ৩য় শ্রেণি খ-৪র্থ হতে ৭ম শ্রেণি গ-৮ম হতে ১০ম শ্রেণি	সঙ্কল্প - জাতীয় কবি কাজী নজরুল ইসলাম খুকি ও কাঠবেড়ালি - জাতীয় কবি কাজী নজরুল ইসলাম নারী - জাতীয় কবি কাজী নজরুল ইসলাম		২৫ মে ২০২৩ বিকাল ৪.৩০টা
	আলোচনা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান স্থানঃ জেলা পরিষদ মিলনায়তন, বগুড়া				২৫ মে ২০২৩ বিকাল-৫.৩০টা


কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ২৪ মে ২০২৩ বিকাল-৫টার মধ্যে নাম নিবন্ধন করতে হবে। নিবন্ধন সরাসরি অথবা ই-মেইল এ করা যাবে। ই-মেইল n-b-sabogra@gmail.com

আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: কবিতা-১ কপি।

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা/পরিচালক/সভাপতি/সম্পাদক

-----, বগুড়া।

 ১৮.৫.২৩

(শাহ মোঃ ইসাহাক আলী)
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বগুড়া

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২. জেলা প্রশাসক, বগুড়া।
৩. পুলিশ সুপার, বগুড়া।
৪. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা যাতে গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. অফিস কপি।